

শিরোনাম:	
পটভূমি	এটা করার উদ্দেশ্য/কারণ কি; এর কি প্রাধান্য আছে।
উদ্দেশ্য	আমরা কি করতে চেষ্টা করছি; আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য কি; (SMART ^{২১}) এর সাফল্য শর্ত সাপেক্ষে আমরা কি ভাবে বুঝবো আমাদের জয় হলো কি না।
সুযোগ	এই প্রজেক্টের সীমাবদ্ধতা, আকার, জটিলতা কি; কি অন্তর্ভুক্ত হবে আর কি বাদ দিতে হবে।
বাধা	আমরা কি সীমাবদ্ধতার অধীনে কাজ করি; মান; বাজেটের সময়; সম্পদ।
ধারণা	আমরা কি ধারণা করছি; যদি আমরা ভুল করি কিংবা যদি মানদণ্ড পরিবর্তিত হয় তাহলে ফলাফল কি হবে।
প্রতিবেদন	কার কাছে আমরা প্রতিবেদন পেশ করি; যোগাযোগের রেখাসমূহ কি কি।
কি কি কর্মকান্ড করা হয়েছে	আমরা কি উৎপাদন করতে চেষ্টা করছি; এখানে কোনো পর্যায় অন্তর্ভুক্ত আছে কি? প্রতিটি কর্মকান্ড পরিচালনা করার জন্য কি একজন ব্যক্তিকে নির্দিষ্ট সময় দিয়ে নিযুক্ত করা আছে?
	সম্পন্নকারী
	তারিখ

ধাপ-৬: কর্মকান্ডসমূহ পর্যালোচনা ও তত্ত্বাবধান করা

সমগ্র কার্যকলাপ পর্যালোচনা ও তত্ত্বাবধান করা প্রয়োজন। প্রতিষ্ঠানটি স্টেকহোল্ডার প্যানেল থেকে কতিপয় সদস্যকে তত্ত্বাবধায়ক হিসেবে আমন্ত্রণ করতে পারেন। যদি কোনো সমস্যা হয়, তাহলে এর তাৎক্ষণিক প্রতিবেদন পাঠাতে হবে এবং এটা সমাধান করার দায়িত্ব উচ্চ ব্যবস্থাপনা পরিষদের কাছে বর্তাবে।

ধাপ-৭: স্টেকহোল্ডার প্যানেলের কাছে অগ্রগতির প্রতিবেদন পেশ করা এবং নিয়মিত প্রতিক্রিয়ার জন্য যোগাযোগ রাখা

কর্মকান্ডের অগ্রগতি সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সেই সাথে তাদের কাছে থেকে মন্তব্য ও প্রতিক্রিয়া জানাটাও। এটা আপনার প্রতিষ্ঠানের সামগ্রিক কর্মকান্ডকে নিখুঁতভাবে সম্পন্ন করতে সাহায্য করবে।

^{২১} Specific = সুনির্দিষ্ট, Measurable = পরিমাপযোগ্য, Achievable = অর্জনযোগ্য, Realistic = বাস্তব সম্মত এবং Time defined = সময়সীমা